

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
প্রশাসন-৮ শাখা
Web: www.most.gov.bd

স্মারক নং ৩৯.০০.০০০০.০০০.১০৮.১৩.০০০২.২২-৩৩

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩৩
৬ মে ২০২৬

বিষয়: জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপনের নিয়মাবলী অনুমোদন

সূত্র: জাদুঘর এর সূত্র নং-৩৯.০৩.০০০০.০০০.০০৪.৩৫.০০০১.২৫-৯৮, তারিখ: ১৬ এপ্রিল ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বিভাগীয় পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ আয়োজনের অংশটি অন্তর্ভুক্তপূর্বক নিয়মাবলীটি সদয় অনুমোদিত হয়েছে। অনুমোদিত জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপনের সংক্রান্ত নিয়মাবলী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে

মহাপরিচালক
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
আগারগাঁও, ঢাকা



০৬.০৫.২০২৬

ইশরাত জাহান

উপসচিব


ফোন: ৯৫১৪৯৯৪

Email: admin8@most.gov.bd

সদয় জ্ঞাতার্থে অনুলিপি:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা।

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপন সংক্রান্ত
নিয়মাবলী



জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়



nmst.gov.bd


সূচিপত্র

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা
১.	প্রস্তাবনা, উদ্দেশ্য, প্রযোজ্যতা, শিরোনাম ও প্রয়োগ	১
২.	সংজ্ঞা, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপনের সাধারণ নিয়মাবলী	২
৩.	উপজেলা পর্যায়ে অনুসরণীয়	৪
৪.	জেলা পর্যায়ে অনুসরণীয়	৫
৫.	বিভাগীয় পর্যায়ে অনুসরণীয়	৬
৬.	জাতীয় পর্যায়ে অনুসরণীয়	৭
৭.	বিজ্ঞান মেলার সাধারণ নিয়মাবলী (সকল পর্যায়ের অনুসরণীয়)	৭
৮.	প্রকল্প মূল্যায়নে অনুসরণীয়	৮
৯.	বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজনের নিয়মাবলী	৯
১০.	বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতার নিয়মাবলী	১১
১১.	কুইজ এর ফিকচার	১২
১২.	বিজ্ঞান বিষয়ক সেমিনার আয়োজনের নিয়মাবলী	১৪
১৩.	অস্পষ্টতা দূরীকরণ, রহিতকরণ ও হেফাজত	১৫
১৪.	পরিশিষ্ট-ক, পরিশিষ্ট-খ	১৬
১৫.	পরিশিষ্ট-গ, ছক-১, ছক-১	১৭
১৬.	ছক-৩	১৮

Saitat

২০০৭

২০০৭


 মোঃ আনয়ার হোসেন
 সচিব
 বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
 গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন সংক্রান্ত নিয়মাবলী

প্রস্তাবনা:

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর সারাদেশে উপজেলা, জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপনের মাধ্যমে বিজ্ঞান ভিত্তিক সমাজ গঠন ও বিজ্ঞানমনস্কতা সৃজনে গুরুত্বপূর্ণ আবদান রাখে। এ আয়োজনের মাধ্যমে শিক্ষার্থী, তরুণ প্রজন্ম এবং জনগনের মধ্যে বিজ্ঞান ও প্রযুক্তির প্রতি আগ্রহ সৃষ্টি, প্রযুক্তিগত দক্ষতা বৃদ্ধি, সৃজনশীলতা, বিশ্লেষণধর্মী চিন্তাভাবনা এবং প্রমাণ ভিত্তিক জ্ঞান চর্চার প্রসার ঘটে। এ লক্ষ্যে দেশব্যাপী এ আয়োজন অত্যন্ত তাৎপর্যপূর্ণ। এর ফলে ছাত্র-ছাত্রী, তরুণ প্রজন্ম ও উদ্ভাবনী চিন্তাধারা সম্পন্ন ব্যক্তিদের আত্মনির্ভরশীল ও দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলা সম্ভব হবে, যা পরবর্তীতে উদ্যোক্তা উন্নয়ন ও জ্ঞান ভিত্তিক অর্থনীতি গঠনে সহায়ক ভূমিকা রাখবে এবং দেশের বিভিন্ন অঞ্চলের শিক্ষার্থী, গবেষক ও উদ্ভাবকদের মধ্যে পারস্পরিক যোগাযোগ, সহযোগীতা ও অভিজ্ঞতা বিনিময়ের সুযোগ সৃষ্টি হবে। এছাড়াও নতুন নতুন প্রযুক্তি, উদ্ভাবন ও দৈনন্দিন জীবনে বিজ্ঞানের ব্যবহার সম্পর্কে সচেতনতার মাধ্যমে একটি আধুনিক, প্রযুক্তি নির্ভর, অন্তর্ভুক্তিমূলক ও উন্নত সমাজ গঠনে সহায়ক হবে। স্থানীয় পর্যায়ে প্রযুক্তির ব্যবহার সম্প্রসারণ, তরুণদের দক্ষতা উন্নয়ন এবং উদ্ভাবনী সংস্কৃতি বিকাশের সুযোগ সৃষ্টি হবে। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা নিয়মিত, সুশৃঙ্খল ও পরিকল্পিতভাবে আয়োজনের মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মকে দক্ষ, জ্ঞানসমৃদ্ধ, উদ্ভাবনী এবং প্রযুক্তি সমৃদ্ধ নাগরিক হিসেবে গড়ে তোলাই এ আয়োজনের মূল লক্ষ্য।

উদ্দেশ্য:

- দেশের সকল নাগরিকদের মধ্যে বিজ্ঞান শিক্ষার প্রসার ও সচেতনতা সৃষ্টি, বিজ্ঞান ও প্রযুক্তিকে জনপ্রিয় করা;
- শিক্ষার্থীদের মধ্যে বিজ্ঞান ভিত্তিক চিন্তা-চেতনা গড়ে তোলার মাধ্যমে বিজ্ঞান শিক্ষার প্রতি আগ্রহী করা;
- সৃজনশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বিকাশের মাধ্যমে নতুন প্রকল্প ও ধারণা সৃষ্টি করা;
- প্রযুক্তির প্রতি আগ্রহ সৃষ্টি, গবেষণামুখী মনোভাব তৈরি এবং বাস্তব সমস্যা সমাধানের সক্ষমতা উন্নয়ন;
- উদ্ভাবক, উদ্যোক্তাদের সাথে শিক্ষা প্রতিষ্ঠান, গবেষণা প্রতিষ্ঠান এবং শিল্প প্রতিষ্ঠানের মধ্যে সংযোগ স্থাপন;
- শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে পারস্পরিক অভিজ্ঞতা বিনিময়ের আন্তঃসংযোগের সুযোগ সৃষ্টি করা;
- তরুণদের স্টার্টআপ ও উদ্ভাবনী উদ্যোগে সম্পৃক্ত করা; এবং
- টেকসই উন্নয়ন (SDG) ও স্থানীয় সমস্যা সমাধানে বিজ্ঞান ভিত্তিক উদ্যোগ উৎসাহিত করা।

প্রযোজ্যতা:

উপজেলা, জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপনের জন্য অথবা জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর আইন, ২০১০ এর ধারা-৬ এ উল্লেখিত কার্যক্রম বাস্তবায়ন কল্পে আয়োজিত মেলা/আয়োজনের ক্ষেত্রে এই নিয়মাবলী প্রযোজ্য হবে।

শিরোনাম ও প্রয়োগ:

- এই নিয়মাবলী ‘জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন সংক্রান্ত নিয়মাবলী’ নামে অভিহিত হবে;
- বিজ্ঞান মেলা, বিজ্ঞান অলিম্পিয়াড, বিজ্ঞান বিষয়ক কুইজ, বিজ্ঞান বিষয়ক বিতর্ক, আলোচনা সভা, সেমিনার, সিম্পোজিয়াম ও অন্যান্য প্রাসঙ্গিক আয়োজন এর অন্তর্ভুক্ত হবে;
- এই নিয়মাবলী অবিলম্বে কার্যকর হবে।

Suikat

সুইকট

সুইকট

মোঃ আনোয়ার হোসেন
সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংজ্ঞা:

- ক. "জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ" অর্থ বিজ্ঞান মেলা, বিজ্ঞান অলিম্পিয়াড, বিজ্ঞান বিষয়ক কুইজ, আলোচনা সভা, বিজ্ঞান বিষয়ক বিতর্ক, সেমিনার, সিম্পোজিয়াম ও অন্যান্য প্রাসঙ্গিক আয়োজন এর অন্তর্ভুক্ত হবে;
- খ. "বিজ্ঞান মেলা" অর্থ উপজেলা, জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে আয়োজিত মেলা অথবা জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর আইন, ২০১০ এর ধারা-৬ এ উল্লেখিত কার্যক্রম বাস্তবায়ন কল্পে আয়োজিত অন্যান্য মেলা;
- গ. "জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড" অর্থ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহে আয়োজিত অলিম্পিয়াড;
- ঘ. "বিজ্ঞান বিষয়ক কুইজ" অর্থ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহে আয়োজিত কুইজ;
- ঙ. "আলোচনা সভা" অর্থ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহে আয়োজিত আলোচনা সভা;
- চ. "বিজ্ঞান বিষয়ক বিতর্ক", "সেমিনার", "সিম্পোজিয়াম" ও "অন্যান্য প্রাসঙ্গিক" আয়োজন এর অর্থ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহে আয়োজিত বিতর্ক, সেমিনার, সিম্পোজিয়াম ও অন্যান্য প্রাসঙ্গিক অনুষ্ঠান;
- ছ. "কমিটি" অর্থ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ আয়োজন উপলক্ষ্যে উপজেলা, জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে গঠিত কমিটি/উপ-কমিটিসমূহ;
- জ. "শিক্ষা সফর" অর্থ বৈদেশিক শিক্ষা সফর বোঝাবে তবে তা সম্ভব না হলে দেশের অভ্যন্তরে শিক্ষা সফর বোঝাবে;
- ঝ. "কর্তৃপক্ষ" অর্থ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর;
- ঞ. "জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর" অর্থ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন একটি সংস্থা; এবং
- ট. "মন্ত্রণালয়" অর্থ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপনের সাধারণ নিয়মাবলী:

- ক. জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন উপলক্ষ্যে বিজ্ঞান মেলা, বিজ্ঞান বিষয়ক কুইজ ও বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজনের পাশাপাশি বিজ্ঞান বিষয়ক আলোচনা সভা, বিজ্ঞান বিষয়ক বিতর্ক, সেমিনার, সিম্পোজিয়াম ও অন্যান্য প্রাসঙ্গিক অনুষ্ঠান আয়োজন করতে হবে;
- খ. প্রতি বছর জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপনের লক্ষ্যে কর্তৃপক্ষ কর্তৃক একটি নির্দিষ্ট প্রতিপাদ্য বিষয় নির্ধারণ করা হবে;
- গ. ৩(তিন) দিন অথবা সরকার কর্তৃক নির্ধারিত সময়ব্যাপী সকল পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন করা হবে;
- ঘ. জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপনে অংশগ্রহণকারীগণ নিম্নরূপভাবে গ্রুপে বিভক্ত হয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন:

Saikat

স্বাক্ষর

স্বাক্ষর

স্বাক্ষর

মোঃ আনোয়ার হোসেন
সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ক্রমিক	গ্রুপ	অংশগ্রহণকারী	প্রতিযোগিতা
১.	জুনিয়র গ্রুপ	মাধ্যমিক ও সমমানের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীবৃন্দ ও স্কুল ভিত্তিক বিজ্ঞান ক্লাবের সদস্যবৃন্দ	প্রকল্প উপস্থাপনা, অলিম্পিয়াড ও কুইজ
২.	সিনিয়র গ্রুপ	কলেজ ও সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীবৃন্দ ও কলেজ ভিত্তিক বিজ্ঞান ক্লাবের সদস্যবৃন্দ	প্রকল্প উপস্থাপনা ও অলিম্পিয়াড
৩.	বিশেষ গ্রুপ	শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক বিজ্ঞান ক্লাব ব্যতীত অন্যান্য বিজ্ঞান ক্লাবের সদস্যবৃন্দ, তরুণ ও অপেশাদার বিজ্ঞানীগণ, উদ্ভাবকগণ এবং ব্যক্তিগত পর্যায়ে সরকারি, আধা সরকারি ও বেসরকারি অংশগ্রহণকারীগণ	প্রকল্প উপস্থাপনা

- ঙ. উপজেলার মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানকে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের আয়োজনে সম্পৃক্ত করতে হবে। তবে যে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়ন ট্রাস্ট তহবিল থেকে বিজ্ঞানাগার উন্নয়নের জন্য অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে সে সকল প্রতিষ্ঠান যাতে বিজ্ঞান মেলায় অংশগ্রহণ করে সে ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক উদ্যোগ গ্রহণ করতে হবে;
- চ. উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ের জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে স্থানীয় মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী বা সংসদ সদস্যবৃন্দকে অথবা অন্য কোন গুরুত্বপূর্ণ ব্যক্তিকে প্রধান/বিশেষ অতিথি হিসেবে আমন্ত্রণ করা যেতে পারে। নমুনা ব্যানার সংযুক্ত (পরিশিষ্ট-ক);
- ছ. জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের অনুষ্ঠানের ব্যাপক প্রচারের জন্য প্রেস-রিলিজ, প্রেস-কনফারেন্স, খবরের কাগজ/রেডিও ও টেলিভিশনে (টিভি) বিজ্ঞাপন, পোস্টার ইত্যাদির ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। এ ক্ষেত্রে স্থানীয় সংবাদকর্মীদের আয়োজনে আমন্ত্রণ করতে হবে;এবং
- জ. জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের সকল পর্যায়ে বিজ্ঞান মেলা আয়োজনের ক্ষেত্রে সকল স্টলের একটি সাধারণ (কমন) ব্যানার থাকা আবশ্যিক। নমুনা ব্যানার সংযুক্ত (পরিশিষ্ট-খ)।

Saikat

২০০৫০

২০০৫০

২০০৫০

মোঃ আনোয়ার হোসেন
সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা পর্যায়ে অনুসরণীয়:

ক. উপজেলা পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপনের লক্ষ্যে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণ "জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন সংক্রান্ত উপজেলা কমিটি" গঠন করবেন। উপজেলার মাননীয় সংসদ সদস্য-এর সাথে পরামর্শক্রমে উপজেলা নির্বাহী অফিসার যাবতীয় আয়োজন সম্পন্ন করবেন। নিম্নরূপভাবে উপজেলা কমিটি গঠিত হবে:

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন সংক্রান্ত উপজেলা কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

ক্রমিক	নাম ও পদবী	দায়িত্ব
১.	উপজেলা নির্বাহী অফিসার	সভাপতি
২.	সহকারী কমিশনার (ভূমি)	সদস্য
৩.	উপজেলা কৃষি অফিসার	সদস্য
৪.	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা	সদস্য
৫.	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা	সদস্য
৬.	উপজেলা মৎস্য কর্মকর্তা	সদস্য
৭.	উপজেলা প্রকৌশলী	সদস্য
৮.	অফিসার ইন চার্জ, সংশ্লিষ্ট থানা	সদস্য
৯.	উপজেলা পরিসংখ্যান অফিসার/সহকারী প্রোগ্রামার	সদস্য
১০.	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	সদস্য
১১.	সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষ	সদস্য
১২.	উপজেলা সদরে অবস্থিত সরকারি কলেজের প্রতিনিধি	সদস্য
১৩.	উপজেলা সদরে অবস্থিত বেসরকারি কলেজের প্রতিনিধি	সদস্য
১৪.	উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবের সাধারণ সম্পাদক	সদস্য
১৫.	কারিগরি কলেজ/স্কুলের প্রধান (যদি থাকে)	সদস্য
১৬.	সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক	সদস্য
১৭.	বেসরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক	সদস্য
১৮.	উপজেলা সদরের মাদ্রাসার সুপারিনটেনডেন্ট/অধ্যক্ষ	সদস্য
১৯.	উপজেলা প্রেস ক্লাবের সভাপতি/সম্পাদক	সদস্য
২০.	উপজেলায় অবস্থিত একজন বিজ্ঞান ক্লাব সংগঠক/তরুণ বিজ্ঞানী	সদস্য
২১.	উপজেলা সদরের স্কাউট সম্পাদক	সদস্য
২২.	উপজেলা সদরের ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধি	সদস্য
২৩.	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত বিজ্ঞান বিষয়ের ০৪ (চার) জন শিক্ষক	সদস্য
২৪.	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	সদস্য সচিব

প্রয়োজনে অনধিক দুইজন সদস্য কো-অপ্ট করা যাবে।

খ. উপজেলা নির্বাহী অফিসার প্রয়োজনে বাস্তবায়ন কমিটি, উপ-কমিটি, মূল্যায়ন/বিচারিক কমিটি বা অন্যান্য প্রয়োজনীয় কমিটি গঠন এবং জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপনের তারিখ ও স্থান/ভেন্যু নির্ধারণসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

Saitat

স্বাক্ষর

স্বাক্ষর

মোঃ আনোয়ার হোসেন
সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা পর্যায়ে অনুসরণীয়:

ক. জেলা পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপনের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ "জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন সংক্রান্ত জেলা কমিটি" গঠন করবেন। নিম্নরূপভাবে জেলা কমিটি গঠিত হবে:

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন সংক্রান্ত জেলা কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

ক্রমিক	নাম ও পদবী	দায়িত্ব
১.	জেলা প্রশাসক	সভাপতি
২.	পুলিশ সুপার	সদস্য
৩.	সিভিল সার্জন	সদস্য
৪.	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি	সদস্য
৫.	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/শিক্ষা ও আইসিটি)	সদস্য
৬.	উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	সদস্য
৭.	জেলা মৎস্য কর্মকর্তা	সদস্য
৮.	জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা	সদস্য
৯.	সরকারি কলেজের অধ্যক্ষ	সদস্য
১০.	উপজেলা নির্বাহী অফিসার (সকল)	সদস্য
১১.	জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	সদস্য
১২.	জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের একজন প্রতিনিধি	সদস্য
১৩.	পলিটেকনিক ইনস্টিটিউট/কারিগরি কলেজের অধ্যক্ষ	সদস্য
১৪.	বেসরকারি কলেজের অধ্যক্ষ	সদস্য
১৫.	সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষ	সদস্য
১৬.	সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক	সদস্য
১৭.	বেসরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক	সদস্য
১৮.	জেলায় অবস্থিত ২(দুই) জন বিজ্ঞান ক্লাব সংগঠক/তরুণ বিজ্ঞানী	সদস্য
১৯.	জেলা সদরের স্কাউট সম্পাদক	সদস্য
২০.	জেলা সদরের ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধি	সদস্য
২১.	জেলার প্রেস ক্লাবের সভাপতি/সম্পাদক	সদস্য
২২.	জেলা প্রশাসক কর্তৃক মনোনীত বিজ্ঞান বিষয়ের ০৪ (চার) জন শিক্ষক	সদস্য
২৩.	প্রোগামার	সদস্য
২৪.	জেলা শিক্ষা অফিসার	সদস্য সচিব

প্রয়োজনে অনধিক দুইজন সদস্য কো-অপ্ট করা যাবে।

খ. জেলা প্রশাসক প্রয়োজনে বাস্তবায়ন কমিটি, উপ-কমিটি, মূল্যায়ন/বিচারিক কমিটি বা অন্যান্য প্রয়োজনীয় কমিটি গঠন এবং জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপনের তারিখ ও স্থান/ভেন্যু নির্ধারণসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

Saikat

মোঃ আনোয়ার হোসেন
সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিভাগীয় পর্যায়ে অনুসরণীয়:

ক. বিভাগীয় পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপনের লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারগণ "জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন সংক্রান্ত বিভাগীয় কমিটি" গঠন করবেন। নিম্নরূপভাবে বিভাগীয় কমিটি গঠিত হবে:

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন সংক্রান্ত বিভাগীয় কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

ক্রমিক	নাম ও পদবী	দায়িত্ব
১.	বিভাগীয় কমিশনার	সভাপতি
২.	উপমহাপুলিশ পরিদর্শক	সদস্য
৩.	অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/শিক্ষা ও আইসিটি):	সদস্য
৪.	অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়	সদস্য
৫.	পরিচালক, মৎস্য অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়	সদস্য
৬.	পরিচালক, প্রাণি সম্পদ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়	সদস্য
৭.	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি	সদস্য
৮.	সরকারি কলেজের একজন অধ্যক্ষ	সদস্য
৯.	পলিটেকনিক ইনস্টিটিউট/কারিগরি কলেজের অধ্যক্ষ	সদস্য
১০.	জেলা প্রশাসক (সকল)	সদস্য
১১.	বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত বিজ্ঞান বিষয়ের ০৪ (চার) জন বিশ্ববিদ্যালয়ের/সরকারি কলেজের শিক্ষক	সদস্য
১২.	জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের প্রতিনিধি	সদস্য
১৩.	উপপরিচালক, বিভাগীয় কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর	সদস্য
১৪.	সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষ	সদস্য
১৫.	বেসরকারি কলেজের অধ্যক্ষ	সদস্য
১৬.	সরকারি উচ্চ বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক	সদস্য
১৭.	বেসরকারি উচ্চ বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক	সদস্য
১৮.	বিভাগে অবস্থিত ২(দুই) জন বিজ্ঞান ক্লাব সংগঠক/তরুণ বিজ্ঞানী	সদস্য
১৯.	সদরের স্কাউট সম্পাদক	সদস্য
২০.	প্রেস ক্লাবের সভাপতি/সম্পাদক	সদস্য
২১.	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সংশ্লিষ্ট বিভাগীয় পরিচালক/উপপরিচালক	সদস্য সচিব

প্রয়োজনে অনধিক দুইজন সদস্য কো-অপ্ট করা যাবে।

খ. বিভাগীয় কমিশনার প্রয়োজনে বাস্তবায়ন কমিটি, উপ-কমিটি, মূল্যায়ন/বিচারিক কমিটি বা অন্যান্য প্রয়োজনীয় কমিটি গঠন এবং জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা উদ্‌যাপনের তারিখ ও স্থান/ভেনু নির্ধারণসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

Saikat

১০/০৫/২০

১০/০৫/২০

মোঃ আনোয়ার হোসেন
সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় পর্যায়ে অনুসরণীয়:

- ক. জাতীয় পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপনের লক্ষ্যে মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর "জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন সংক্রান্ত জাতীয় কমিটি" নিম্নরূপভাবে গঠন করবেন এবং সিনিয়র সচিব/সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় উক্ত কমিটির উপদেষ্টা থাকবেন।

জাতীয় পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন কমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক্রমিক	নাম ও পদবী	দায়িত্ব
১.	মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর	সভাপতি
২.	পরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর	সদস্য
৩.	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি	সদস্য
৪.	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের একজন প্রতিনিধি	সদস্য
৫.	বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের একজন প্রতিনিধি (৫ম গ্রেডের নিম্নে নয়)	সদস্য
৬.	বিসিএসআইআর একজন প্রতিনিধি (৫ম গ্রেডের নিম্নে নয়)	সদস্য
৭.	সিনিয়র কিউরেটর, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর	সদস্য
৮.	কিউরেটর, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (১জন)	সদস্য
৯.	উপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর	সদস্য সচিব

প্রয়োজনে অনধিক দুইজন সদস্য কো-অপ্ট করা যাবে।

- খ. মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর প্রয়োজনে বাস্তবায়ন কমিটি, উপ-কমিটি, মূল্যায়ন/বিচারিক কমিটি বা অন্যান্য প্রয়োজনীয় কমিটি গঠন এবং জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা উদ্‌যাপনের তারিখ ও স্থান/ভেন্যু নির্ধারণসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

বিজ্ঞান মেলার সাধারণ নিয়মাবলী (সকল পর্যায়ে অনুসরণীয়)

- ক. বিজ্ঞান মেলাকে আকর্ষণীয় করার জন্য বিগত বছরে উপস্থাপিত হবহ অনুকরণকৃত প্রকল্পসমূহ উপস্থাপন করা যাবেনা, যে সব প্রকল্পের উপযোগীতা নেই সেগুলো যাতে বিজ্ঞান মেলায় উপস্থাপন করা না হয় সে বিষয়ে অংশগ্রহণকারীগণকে অবহিত করতে হবে;
- খ. একটি প্রকল্প একজন শিক্ষার্থী উপস্থাপন করবে, তবে প্রকল্পের আকার বড় হলে অনধিক দুই জন শিক্ষার্থী উপস্থাপন করতে পারবে। একটি স্টল থেকে শুধুমাত্র একটি প্রকল্প মূল্যায়নের জন্য বিবেচিত হবে;
- গ. উপজেলা পর্যায়ে প্রতি গ্রুপ থেকে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীগণ জেলা পর্যায়ের বিজ্ঞান মেলায় তাদের স্ব স্ব প্রকল্প নিয়ে অংশগ্রহণ করবে;
- ঘ. জেলা পর্যায়ের প্রতিযোগিতায় জেলার অন্তর্গত উপজেলাসমূহে অনুষ্ঠিত বিজ্ঞান মেলায় ৩টি গ্রুপের ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীগণ এবং জেলা সদর থেকে জেলা প্রশাসক কর্তৃক প্রাক বাছাই করা সর্বোচ্চ ১৫টি প্রকল্প নিয়ে জেলা পর্যায়ের বিজ্ঞান মেলা অনুষ্ঠিত হবে;

Saitat

২০২৫

২০২৫

মোঃ আনোয়ার হোসেন
সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৬. জেলা থেকে প্রতি গ্রুপের ১ম ও ২য় স্থান অধিকারীগণ বিভাগীয় পর্যায়ের বিজ্ঞান মেলায় অংশগ্রহণ করবে;
৭. প্রত্যেক বিভাগ থেকে প্রতি গ্রুপের ১ম ও ২য় স্থান অধিকারীগণ ঢাকায় অনুষ্ঠিতব্য জাতীয় পর্যায়ের বিজ্ঞান মেলায় অংশগ্রহণ করবে। এছাড়াও মেলায় বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান/সংস্থা কর্তৃক নতুন নতুন ধ্যান-ধারণা, গবেষণা/প্রকল্প উপস্থাপনের সুযোগ থাকবে; এবং
৮. জাতীয় পর্যায়ের বিজ্ঞান মেলায় প্রকল্প উপস্থাপনকারীদের প্রতি গ্রুপ থেকে বিজয়ী ১ম ও ২য় স্থান অধিকারীগণকে শিক্ষা সফরে পাঠানো হবে।

প্রকল্প মূল্যায়নে অনুসরণীয়:

উপজেলা, জেলা, বিভাগীয় এবং জাতীয় পর্যায়ের বিজ্ঞান মেলায় উপস্থাপিত প্রদর্শনী মূল্যায়নের নিমিত্ত তিনটি গ্রুপের জন্য তিনটি বিচারিক কমিটি গঠন করতে হবে। তিনটি গ্রুপের বিচারিক কমিটি পদার্থবিজ্ঞান, রসায়ন, উদ্ভিদ বিজ্ঞান/প্রাণি বিজ্ঞান, গণিত এবং তথ্য-প্রযুক্তি বিষয়ের বিশেষজ্ঞ শিক্ষক/গবেষক/বিজ্ঞানী ব্যক্তিবর্গকে অন্তর্ভুক্ত করতে হবে। নিম্নলিখিত বিষয় ও নম্বর বিবেচনাপূর্বক বিচারিক কমিটি কর্তৃক প্রতিটি প্রকল্পে নম্বর প্রদান এবং মন্তব্যসহ মূল্যায়ন করতে হবে:

ক্রমিক	বিষয়	মান বন্টন
১.	প্রকল্পের মৌলিকতা ও স্বকীয়তা	২০
২.	গবেষণা, নিরীক্ষা ও নতুন তথ্য উদ্ঘাটন	২০
৩.	উপকরণের সহজলভ্যতা	১৫
৪.	প্রকল্প বিষয়ে বৈজ্ঞানিক ধারণা	১৫
৫.	প্রকল্পের কার্যকারিতা/প্রয়োগযোগ্যতা	১০
৬.	দেশীয় অর্থনীতিতে অবদান	১০
৭.	সার্বিক উপস্থাপনা	১০
মোট		১০০

Saitat

২০০০

২০০০

মোঃ আনোয়ার হোসেন
সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজনের নিয়মাবলী

- ক. উপজেলা, জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে "জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড" শিরোনামে প্রতিযোগিতার আয়োজন করতে হবে। অলিম্পিয়াড এ জুনিয়র গ্রুপ এবং সিনিয়র গ্রুপ অংশগ্রহণ করবে। অলিম্পিয়াড আয়োজনের জন্য উপজেলা/জেলা/বিভাগ/জাতীয় পর্যায়ে প্রয়োজনীয় উপ-কমিটি গঠন করতে হবে;
- খ. বিজ্ঞান অলিম্পিয়াড একটি ধারণাভিত্তিক, বিশ্লেষণধর্মী, প্রয়োগভিত্তিক, সমস্যা সমাধানমূলক এবং সৃজনশীল লিখিত পরীক্ষা। যার মাধ্যমে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মেধা যাচাই করা হয়। পরীক্ষার বিষয় ও নম্বর নিম্নরূপ:

ক্রমিক	বিষয়	নম্বর	সময়
১.	পদার্থবিজ্ঞান	২০	এক ঘন্টা
২.	রসায়ন	২০	
৩.	জীববিজ্ঞান (উদ্ভিদ ও প্রাণি বিদ্যা)	২০	
৪.	গণিত	২০	
৫.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি)	২০	
মোট		১০০	

- গ. প্রশ্নপত্র প্রণয়নের জন্য সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষক, গবেষক/বিজ্ঞানী, কর্মকর্তা বা উপযুক্ত ব্যক্তিবর্গের সমন্বয়ে জুনিয়র ও সিনিয়র গ্রুপের জন্য পৃথক প্রশ্নপত্র প্রণয়ন উপ-কমিটি গঠন করতে হবে। প্রশ্নপত্র প্রণয়নে সর্বোচ্চ গোপনীয়তা বজায় রাখতে হবে এবং প্রশ্নপত্রের মান উন্নয়ন নিশ্চিত করতে মডারেটর নিয়োগ করতে হবে। উত্তরপত্র মূল্যায়নের জন্য উপযুক্ত ব্যক্তিগণকে দায়িত্ব প্রদান করতে হবে;
- ঘ. উপজেলার সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা এতে অংশগ্রহণ করতে পারবে। প্রতিটি প্রতিষ্ঠান থেকে প্রতি গ্রুপে সর্বোচ্চ ৫ (পাঁচ) জন বিজ্ঞানের শিক্ষার্থী অংশগ্রহণের সুযোগ পাবে;
- ঙ. উপজেলায় অনুষ্ঠিত অলিম্পিয়াডে জুনিয়র ও সিনিয়র উভয় গ্রুপের ১ম থেকে ৫ম স্থান অধিকারী বিজয়ী শিক্ষার্থীগণ জেলা পর্যায়ের অলিম্পিয়াডে অংশগ্রহণ করবে। পাশাপাশি জেলা সদরের শিক্ষা প্রতিষ্ঠান থেকে জেলা প্রশাসক কর্তৃক প্রাক-বাছাইকৃত প্রতি গ্রুপের ১০ (দশ) জন শিক্ষার্থী বিজ্ঞান অলিম্পিয়াডে অংশগ্রহণের সুযোগ পাবে। সিটি কর্পোরেশনের ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাক-বাছাইকৃত প্রতি গ্রুপের ২৫ (পঁচিশ) জন শিক্ষার্থী বিজ্ঞান অলিম্পিয়াডে অংশগ্রহণের সুযোগ পাবে;
- চ. জেলায় অনুষ্ঠিত বিজ্ঞান অলিম্পিয়াডে জুনিয়র ও সিনিয়র উভয় গ্রুপের ১ম থেকে ৫ম স্থান অধিকারী শিক্ষার্থীগণ বিভাগীয় পর্যায়ের অলিম্পিয়াডে অংশগ্রহণ করবে;

Saikat

২০০০

২০০০

২০০০

মোঃ আনোয়ার হোসেন
সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

- ৪
- ছ. বিভাগীয় পর্যায়ে বিজয়ী প্রতিটি গ্রুপের ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীরা ঢাকায় অনুষ্ঠিত জাতীয় অলিম্পিয়াডে অংশগ্রহণ করবে;
- জ. বিজ্ঞান অলিম্পিয়াডের পরীক্ষার পর উত্তরপত্র মূল্যায়নের সময়ে অংশগ্রহণকারীদের উপস্থিতিতে বিশেষজ্ঞ শিক্ষকদের নিয়ে প্রশ্নোত্তর ও আলোচনা সভা আয়োজন করতে হবে। এ সভায় বিশেষজ্ঞগণ বিজ্ঞানভিত্তিক বিভিন্ন বিষয়ে আলোচনা করবেন এবং অংশগ্রহণকারীদের প্রশ্নের উত্তর প্রদান বিষয়ক সেশন রাখা যেতে পারে; এবং
- ঝ. জাতীয় পর্যায়ের অলিম্পিয়াডে বিজয়ী প্রতিগ্রুপ থেকে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীরা শিক্ষা সফরের সুযোগ পাবে। প্রতি গ্রুপ থেকে প্রথম স্থান অধিকারীর শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে শিক্ষা সফরে প্রেরণ করা হবে।

Saitat

সাইত

সাইত

সাইত

মোঃ আনোয়ার হোসেন
সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতার নিয়মাবলী

বিজ্ঞান শিক্ষাকে জনপ্রিয় করা এবং বিজ্ঞান শিক্ষার্থীদের অনুপ্রেরণা প্রদানের জন্য জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের ব্যবস্থাপনায় ও দেশের সকল উপজেলা, জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা আয়োজন করা হচ্ছে। এ আয়োজনকে আরো আকর্ষণীয় এবং অংশগ্রহণমূলক করার জন্য অনুসরণযোগ্য নিম্নোক্ত নিয়মাবলী নির্ধারণ করা হল:

- ক. বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতায় মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীরা অংশগ্রহণ করবে। প্রতি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৩জন শিক্ষার্থী নিয়ে দল গঠিত হবে এবং দলীয়ভাবে উপজেলা পর্যায়ে প্রথমে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে;
- খ. উপজেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ এবং জেলা পর্যায়ের প্রাথমিক বাছাইয়ে অংশগ্রহণকারী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিযোগী বাছাইয়ের জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহ অভ্যন্তরীণভাবে একটি প্রতিযোগিতার আয়োজন করবে। সে প্রতিযোগিতায় বিজয়ী ১ম স্থান অধিকারী দলের দলনেতা এবং ২য় ও ৩য় স্থান অধিকারীদের নিয়ে দল গঠিত হবে;
- গ. শিক্ষা প্রতিষ্ঠানসমূহ উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা এবং জেলা পর্যায়ের প্রাথমিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য অংশগ্রহণকারীর নাম প্রেরণের সাথে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রতিযোগিতার ফলাফল প্রেরণ করবে;
- ঘ. জেলা পর্যায়ের পৌর এলাকার/সিটি কর্পোরেশন এলাকার শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে নিয়ে জেলা প্রশাসকের তত্ত্বাবধানে একটি প্রাথমিক বাছাই প্রতিযোগিতা আয়োজন করতে হবে। প্রাথমিক বাছাইতে বিজয়ী দল (পৌর এলাকার ৫টি ও সিটি কর্পোরেশন এলাকার ১০টি দল) নির্বাচন করা হবে। উক্ত পৌর/সিটি কর্পোরেশন এলাকার বাছাইকৃত শিক্ষা প্রতিষ্ঠান এবং উপজেলা থেকে বিজয়ী দল নিয়ে জেলা পর্যায়ের চূড়ান্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে;
- ঙ. উপজেলা, জেলা এবং বিভাগীয় পর্যায়ের চূড়ান্ত প্রতিযোগিতার পূর্বে অংশগ্রহণকারী দলগুলোকে নিয়ে প্রথমে একটি লিখিত পরীক্ষা নিতে হবে। পরীক্ষা শুরুর পূর্বে উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক/বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত টিম একটি প্রশ্ন প্রণয়ন করবে এবং ০১ ঘন্টার ১০০ নম্বরের একটি লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে;
- চ. উল্লিখিত পরীক্ষার জন্য এমন প্রশ্নপত্র তৈরি করতে হবে যেন এক শব্দে বা এক লাইনে উত্তর দেওয়া যায়। প্রতি দলের জন্য একটি প্রশ্নপত্র দিতে হবে যা দলের ৩ জন মিলে উত্তর তৈরি করবে; লিখিত পরীক্ষা হতে উত্তীর্ণ প্রথম ০৯ বিজয়ী দলকে নিয়ে সংযুক্ত ফিকচার অনুযায়ী কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে;
- ছ. উপজেলায় আয়োজিত কুইজ প্রতিযোগিতায় বিজয়ী ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী দল জেলা পর্যায়ে অংশগ্রহণ করবে, জেলা পর্যায়ে বিজয়ী ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী দল নিয়ে বিভাগীয় পর্যায়ে এবং বিভাগীয় পর্যায়ে বিজয়ী ১ম ও ২য় স্থান অধিকারী দল জাতীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে;

Saikat


২০০৩০

২০০৩০

মোঃ আব্দুল হোসেন
সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৪৩

জ. প্রতিযোগিতা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসক, বিভাগীয় কমিশনার এবং মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা, শিক্ষক/বিশেষজ্ঞ ও গণ্যমান্য ব্যক্তিগণের সমন্বয়ে প্রয়োজনীয় উপ-কমিটি/মূল্যায়ন/বিচারিক কমিটি গঠন করবেন;



ঝ. পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান, গণিত এবং তথ্য প্রযুক্তি বিষয়ে সমান সংখ্যক প্রশ্ন প্রতি গ্রুপের জন্য নির্ধারিত থাকবে; প্রত্যেক প্রতিযোগিতা পরিচালনার সময় একজন কর্মকর্তা/শিক্ষককে মডারেটর হিসেবে নিয়োগ করতে হবে;

ঞ. প্রতিযোগিতা পরিচালনার নিমিত্ত প্রতি গ্রুপের জন্য ২০ টি করে প্রশ্ন প্রস্তুত রাখতে হবে। তন্মধ্যে ১০টি প্রশ্ন প্রথম রাউন্ডের জন্য এবং অবশিষ্ট ১০টি প্রশ্ন দ্বিতীয় রাউন্ডের জন্য;

ট. বিচারক প্যানেল থেকে প্রাপ্ত প্রশ্ন মডারেটর নির্দিষ্ট গ্রুপের নিকট উপস্থাপন করবেন। উত্তর প্রদানের জন্য ঐ গ্রুপ ১৫ সেকেন্ড সময় পাবে। উত্তর সঠিক হলে গ্রুপের হিসেবে ৫ নম্বর যোগ হবে। আলোচ্য গ্রুপ উত্তর প্রদানে ব্যর্থ হলে ভুল উত্তর দিলে অপর গ্রুপকে প্রশ্নটি করতে হবে। সে গ্রুপ ও ১৫ সেকেন্ডের মধ্যে উত্তর দিতে পারলে তাদের হিসেবে ৫ নম্বর বোনাস হিসেবে যোগ হবে। এভাবে পর্যায়ক্রমে প্রতি গ্রুপের জন্য প্রশ্ন উত্থাপন করে প্রতিযোগিতা পরিচালনা করতে হবে। প্রথম রাউন্ডের প্রতিযোগিতা সম্পন্ন হওয়ার পর দ্বিতীয় রাউন্ডের প্রতিযোগিতা শুরু করতে হবে। এ রাউন্ডে প্রতি গ্রুপকে ১০টি প্রশ্ন করা হবে এবং প্রতি গ্রুপ দ্রুত উত্তর দিবে। ঝটপট রাউন্ডে

Saikat

১০০০০

১০০০০

১০০০০

মোঃ আনোয়ার হোসেন
সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রতি গ্রুপের প্রশ্ন ও উত্তর প্রক্রিয়া ০২ মিনিটে সম্পন্ন করতে হবে। প্রতি সঠিক উত্তরের জন্য ৫ নম্বর করে দলের হিসেবে যোগ হবে। প্রদত্ত নম্বর ও বোনাস নম্বর করে সর্বোচ্চ নম্বরধারী গ্রুপকে বিজয়ী করতে হবে;

ঠ. দুটি গ্রুপের প্রাপ্ত নম্বর সমান হলে টাই ব্রেকারে অতিরিক্ত ১টি বা ২টি প্রশ্ন করে বিজয়ী নির্বাচন করতে হবে। এ ক্ষেত্রে প্রশ্ন করার পর যে দল আগে বেল বাজাবে সে দল উত্তর দেয়ার সুযোগ পাবে। প্রদত্ত উত্তর ভুল হলে ২য় দল উত্তর দেয়ার সুযোগ পাবে। তাদের উত্তর ভুল হলে নতুন প্রশ্ন উত্থাপন করা হবে; এবং

ড. জাতীয় পর্যায়ে চ্যাম্পিয়ন ও রানার্সআপ দলকে, এ সাথে সেরা আয়োজক হিসেবে নির্ধারিত প্রতি বিভাগ থেকে বিভাগীয়/জেলা/উপজেলা প্রশাসনের একজন কর্মকর্তা এবং জাতীয় পর্যায়ে চ্যাম্পিয়ন দলের প্রতিষ্ঠানের গাইড শিক্ষককে (যার তত্ত্বাবধানে দলটি গঠিত বা দলটির প্রশিক্ষক হিসেবে নিয়োজিত) শিক্ষা সফরে প্রেরণ করা হবে।

Saitat

১০০০০

১০০০০

মোঃ আনোয়ার হোসেন
সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিজ্ঞান বিষয়ক সেমিনার আয়োজনের নিয়মাবলী

বিজ্ঞানমনস্ক জাতি গঠনে জনগণকে উদ্বুদ্ধ করা এবং বিজ্ঞানকে জনপ্রিয় ও বিজ্ঞান শিক্ষার প্রসারের জন্য জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর বিভিন্ন শিক্ষামূলক কার্যক্রম গ্রহণ করেছে। তারই অংশ হিসেবে উপজেলা, জেলা, বিভাগ এবং জাতীয় পর্যায়ে বিজ্ঞান বিষয়ক সেমিনার আয়োজনের কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। সেমিনার আয়োজনের ক্ষেত্রে নিম্নোক্ত নিয়মাবলী অনুসরণ করতে হবে:

- ক. জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর কর্তৃক নির্ধারিত প্রতিপাদ্য এর সাথে সামঞ্জস্য রেখে সেমিনারের বিষয় নির্ধারণ করতে হবে;
- খ. উপজেলার উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসক, বিভাগীয় কমিশনার এবং মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর সেমিনার আয়োজনের জন্য স্থান, তারিখ, সময় নির্ধারণ ও অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম এবং অতিথি আমন্ত্রণের ব্যবস্থা গ্রহণ করবেন;
- গ. আলোচ্য বিষয়ের উপর কি-নোট পেপার প্রস্তুত ও উপস্থাপনের জন্য এক বা দুই জন সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তা/শিক্ষক/বিশিষ্ট ব্যক্তিকে দায়িত্ব প্রদান করতে হবে। আলোচক ও অংশগ্রহণকারী নির্ধারণপূর্বক তাঁদেরকে আমন্ত্রণ জানাতে হবে; এবং
- ঘ. নমুনা ব্যানার সংযুক্ত (পরিশিষ্ট-গ)।

উদ্যাপন সংক্রান্ত অন্যান্য কার্যক্রম:

- ক. উপজেলা পর্যায়ের বিজয়ীদের ফলাফল জেলা প্রশাসক বরাবর, জেলা পর্যায়ের বিজয়ীদের ফলাফল বিভাগীয় কমিশনার বরাবর এবং বিভাগীয় পর্যায়ের বিজয়ীদের ফলাফল মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর বরাবর প্রেরণ করতে হবে। প্রকল্পের ফলাফল প্রেরণের জন্য সংযুক্ত ছক-১; বিজ্ঞান অলিম্পিয়াডের ফলাফল প্রেরণের জন্য সংযুক্ত ছক-২ এবং বিজ্ঞান বিষয়ক কুইজের ফলাফল প্রেরণের জন্য সংযুক্ত ছক-৩ ব্যবহার করতে হবে;
- খ. জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্যাপনের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ, আয়োজনের সময়সীমা, প্রতিপাদ্য বিষয় এবং প্রয়োজনীয় অন্যান্য নির্দেশনা জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর হতে যথাসময়ে প্রেরণ করা হবে;
- গ. জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্যাপন কে আকর্ষণীয় করার লক্ষ্যে পৃষ্ঠপোষক (স্পন্সর) সংগ্রহ করা যাবে;
- ঘ. জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্যাপনকে উৎসবমুখর করার লক্ষ্যে ভ্রাম্যমান বিজ্ঞান প্রদর্শনীর জন্য মিউজিউম, ৪-ডি মুভি বাস, অবজারভেটরি বাস, প্লানেটোরিয়াম, টেলিস্কোপ ও ভিআর ইত্যাদি উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে প্রয়োজন হলে আয়োজনের তারিখ এবং ভেন্যু উল্লেখপূর্বক অন্ত্যন ১০ কার্যদিবস পূর্বে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক বরাবর আবেদন করলে আলোচনাক্রমে সম্ভব হলে প্রেরণ করা হবে;
- ঙ. বিজ্ঞান মেলা, প্রকল্প মূল্যায়ন, বিজ্ঞান অলিম্পিয়াড, বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা, বিজ্ঞান বিষয়ক সেমিনার এবং অন্যান্য আয়োজনে অংশগ্রহণকারীর সংখ্যা, ফলাফল, অনুষ্ঠানস্থল, সেমিনারের সারমর্ম এবং

Saikat

১০০০

১০০০

১০০০

মোঃ আনোয়ার হোসেন
সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আলোচনার সুপারিশ ইত্যাদি উল্লেখপূর্বক সচিত্র প্রতিবেদন প্রমাণক হিসেবে সংরক্ষণ ও মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর বরাবর প্রেরণ ১০ কর্মদিবসের মধ্যে করতে হবে;

- চ. সরকারি আর্থিক বিধিবিধান প্রতিপালনপূর্বক ক্রয়/ব্যয় সম্পন্ন করতে হবে। বিল/চালানের মূল কপি এবং সংশ্লিষ্ট অনুষ্ঠান আয়োজনের পৃথক পৃথক প্রমাণক মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর বরাবর প্রেরণ করতে হবে; এবং
- ছ. জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্বাপন অনুষ্ঠানের আকার, অংশগ্রহণকারীর সংখ্যা, আয়োজনের বহুমাত্রিকতা, বিশেষ কোন ইভেন্ট ইত্যাদি বিবেচনায় সেরা আয়োজক হিসেবে শিক্ষা সফরে প্রেরণের জন্য একজন উপজেলা নির্বাহী অফিসারকে জেলা প্রশাসক সুপারিশ করবেন। সার্বিক বিবেচনায় বিভাগীয় কমিশনার সুপারিশপ্রাপ্তগণে মধ্য হতে একজন উপজেলা নির্বাহী অফিসার এবং একজন জেলা প্রশাসককে শিক্ষা সফরে প্রেরণের জন্য সুপারিশ করবেন। কর্তৃপক্ষ উপযুক্ত বিবেচনায় শিক্ষা সফরের জন্য মনোনয়ন প্রদান করবেন।

অস্পষ্টতা দূরীকরণ:

- ক. এই নিয়মাবলী প্রয়োগে কোন জটিলতা সৃষ্টি হলে অথবা এর কোন অংশ স্পষ্টীকরণের প্রয়োজন হলে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে;
- খ. জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের আয়োজনকে সাফল্যমন্ডিত ও অধিকতর আকর্ষণীয় করার প্রয়োজনে উপজেলা নির্বাহী অফিসার ও জেলা প্রশাসকগণ সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের সাথে পরামর্শক্রমে বিজ্ঞান সপ্তাহের সাথে সামঞ্জস্যপূর্ণ অতিরিক্ত কোন অনুষ্ঠানের আয়োজন করলে এ নিয়মাবলী তা বারিত করবে না;

রহিতকরণ ও হেফাজত:

- ক. জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর আইন, ২০১০ এর ধারা-১৬ অনুযায়ী বিধিমালা প্রণয়নের পূর্ব পর্যন্ত এই নিয়মাবলী বলবৎ থাকবে;
- খ. ইতোপূর্বে ১৮ অক্টোবর ২০১৮ তারিখে ৩৯.০০.০০০০.০০৭.২৯.১৩.১৮.২৮০ নম্বর স্মারকে জারীকৃত নিয়মাবলী এতদ্বারা রহিত করা হলো;
- গ. উপরোল্লিখিত নিয়মাবলী রহিতকরণ সত্ত্বেও উক্ত নিয়মাবলীর অধীন গৃহীত বা কৃত কার্যক্রম এই নিয়মাবলীর অধীন গৃহীত বা কৃত বলে গণ্য হবে; এবং
- ঘ. উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত নিয়মাবলীর অধীনে গৃহীত কোন ব্যবস্থা বা কার্যক্রম চলমান থাকলে তার পরবর্তী কার্যক্রম এই নিয়মাবলীর অধীন সম্পাদিত হবে। এ নিয়মাবলী কার্যকর হওয়ার অব্যবহিত পূর্ববর্তী কোন কার্যক্রমের বৈধতার বিষয়ে কোন প্রশ্ন উত্থাপিত হলে তা উক্ত সময়ে বলবৎ সংশ্লিষ্ট নিয়মাবলীর অধীনে নিষ্পত্তিযোগ্য বলে গণ্য হবে।

Saitat

মোঃ আনোয়ার হোসেন
সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপনের
উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানের ব্যানারের নমুনা

---তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্বোধনী/সমাপনী অনুষ্ঠান
(---তম বিজ্ঞান মেলা ---তম বিজ্ঞান অলিম্পিয়াড ও ---তম কুইজ প্রতিযোগীতা)
নির্ধারিত প্রতিপাদ্য

প্রধান অতিথি : -----
বিশেষ অতিথি : -----
সভাপতি : -----

তারিখ ও স্থান

আয়োজনে: উপজেলা প্রশাসন,-----/জেলা প্রশাসন,-----/-----বিভাগ (যা প্রযোজ্য)

তত্ত্বাবধানে: জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, পৃষ্ঠপোষকতায়: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

পরিশিষ্ট-খ

বিজ্ঞান মেলার স্টলের ব্যানারের নমুনা

---তম বিজ্ঞান মেলা
নির্ধারিত প্রতিপাদ্য

গ্রুপের নাম : জুনিয়র/সিনিয়র/ বিশেষ

প্রকল্পের নাম : -----

প্রতিষ্ঠানের নাম : -----

তারিখ ও স্থান

আয়োজনে: উপজেলা প্রশাসন,-----/জেলা প্রশাসন,-----/-----বিভাগ (যা প্রযোজ্য)

তত্ত্বাবধানে: জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, পৃষ্ঠপোষকতায়: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

Saikat

স্বাক্ষর

স্বাক্ষর

স্বাক্ষর

মোঃ আনোয়ার হোসেন
সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সেমিনারের ব্যানারের নমুনা

সেমিনারের বিষয়

প্রধান অতিথি : -----

প্রবন্ধ উপস্থাপক : -----

সভাপতি : -----

তারিখ ও স্থান

আয়োজনে: উপজেলা প্রশাসন,-----/জেলা প্রশাসন,-----/-----বিভাগ (যা প্রযোজ্য)

তত্ত্বাবধানে: জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, পৃষ্ঠপোষকতায়: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

বিজ্ঞান মেলায় প্রকল্প উপস্থাপনার ফলাফল প্রেরণের ছক-১

গ্রুপ:

ক্রমিক	প্রকল্পের নাম	প্রতিষ্ঠানের নাম	জেলা	শিক্ষার্থী/অংশগ্রহণকারীর নাম	সেলফোন নম্বর

বিজ্ঞান বিষয়ক অলিম্পিয়াডের ফলাফল প্রেরণের ছক-২

গ্রুপ:

ক্রমিক	প্রতিষ্ঠানের নাম	জেলা	শিক্ষার্থীদের নাম	সেলফোন নম্বর

Saikat

x-xxxx

K. R. M. M.

A. R. M. M.

মোঃ আনোয়ার হোসেন
সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিজ্ঞান কুইজ প্রতিযোগিতার ফলাফল প্রেরণের ছক-৩

ক্রমিক	মেধাক্রম	প্রতিষ্ঠানের নাম	জেলা	শিক্ষার্থীদের নাম	সেলফোন নম্বর
	প্রথম				
	দ্বিতীয়				
	তৃতীয়				

Saikat Sarker

১০০৫০

১০০৫০

১০০৫০

মোঃ আনোয়ার হোসেন
সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার